দৈনিক ইত্তেফাক

তারিখ 14 MAY 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

61

## চট্টগ্রাম ভার্সিটি ক্যাম্পাসে উত্তেজনা

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আবারও অশান্ত হইয়া উঠিয়াছে। আধি-

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

( ১ম পৃঃ পর )

পত্য বজায় নিয়া প্রতিপক্ষের হামলায় গত এক সপ্তাহে বিভিন্ন ছাত্র সংগঠনের প্রায় ২৫ জন ছাত্র আহত হইয়াছে। উহাদের মধ্যে ৭ জন শহরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রহিয়াছে। গত ৭ই মে চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট-এর এ,জি,এস এবং শিবির নেতা কাওসার নিহত হইলে বিশ্ববিদ্যালয়ের শিবিরের বিক্ষুব্ধ কর্মীরা ছাত্র দল ও ছাত্রলীগের নেতা-কর্মীদের উপর হামলা চালায় এবং ৮ তারিখে ছাত্রদলের সম্মেলনের দিনে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়া সম্মেলন অনুষ্ঠানে বাধার সৃষ্টি করে। ফলে ক্যাম্পাসে নির্ধারিত সম্মেলন পণ্ড হইয়া যায়। ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এ ঘটনার প্রতিবাদ জানাইয়া ভিসি'র সহিত বৈঠক করে। পরে ক্যাম্পাসে এক প্রতিবাদ সভায় সুষ্ঠু পরিবেশ রক্ষার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করা হয়। এদিকে শিবির কর্মীরা বিভিন্ন হলে চড়াও হইয়া ছাত্রদল ও ছাত্রলীগ নেতা-কর্মীদের হলত্যাগ করিতে বাধ্য করে। বর্তমানে শহরে বিভিন্ন হাসপাতালে আহত চিকিৎসাধীন ছাত্ররা হইতেছে দীপু, পলিন, রিপন, দিদার, ফখরুল, আসাদ, ফুয়াদ, আরিফ প্রমুখ।